

155483 - এটা কি ঠিক যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নফল রোয়াগুলো বাদ পড়ে গেলে তিনি  
সেগুলো শাবান মাসে কায়া করতেন

### প্রশ্ন

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি মাসের তিনদিন রোয়া রাখতেন। কখনও কখনও তিনি সে রোয়াগুলো রাখতে বিলম্ব  
করতেন যাতে করে সারা বছরের রোয়া একত্রিত করে তিনি শাবান মাসে রোয়াগুলো রাখতেন।" এ হাদিসটির শুন্দতা কি?

### প্রিয় উত্তর

এ হাদিসটি উম্মুল মুমেনীন আয়েশা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি মাসে তিনদিন  
রোয়া রাখতেন। কখনও কখনও তিনি সে রোয়াগুলো রাখতে বিলম্ব করতেন যাতে করে সারা বছরের রোয়া একত্রিত হয়ে যেত।  
কখনও কখনও তিনি বিলম্ব করতেন যাতে করে, শাবান মাসে সেগুলো রাখতে পারেন।"

হাদিসটি তাবারানী 'আল-মুজাম আল-আওসাত' গ্রন্থে (২/৩২০) বর্ণনা করেছেন: তিনি বলেন: আমাদের কাছে হাদিস বর্ণনা করেছেন  
আহমাদ; তিনি বলেন: আমাদের কাছে হাদিস বর্ণনা করেছেন আলী বিন হারব আল-জুনদিসাবুরি; তিনি বলেন: আমাদের কাছে  
হাদিস বর্ণনা করেছেন সুলায়মান বিন আবু হুয়া; তিনি বলেন: আমর বিন আবু কাইস আমাদের নিকট হাদিস বর্ণনা করেছেন মুহাম্মদ  
বিন আব্দুর রহমান বিন আবু লাইলা থেকে, তিনি তার ভাই ঈসা থেকে, তিনি তার পিতা আব্দুর রহমান থেকে তিনি আয়েশা (রাঃ)  
থেকে তিনি বলেন: এরপর হাদিসটি উল্লেখ করেছেন। এরপর তিনি বলেন: এ হাদিসটি আব্দুর রহমান বিন আবু লাইলা থেকে এ  
সনদ ছাড়া আর কোন সনদে বর্ণিত হয়নি। আর এ সনদটি বর্ণনা করেছেন: আমর।[সমাপ্ত]

প্রসিদ্ধ ফিকাহবিদ মুহাম্মদ বিন আব্দুর রহমান বিন আবু লাইলা-এর কারণে এ সনদটি দুর্বল। তার ব্যাপারে ইমাম আহমাদ বলেন:  
তাঁর মুখ্যত্বক্রিয় দুর্বল; তাঁর হাদিসগুলো দোদুল্যমান। শু'বা বলেন: আমি ইবনে আবু লাইলার চেয়ে মন্দ মুখ্যত্বক্রিয় কাউকে দেখিনি।  
আলী বিন মাদিনি বলেন: তাঁর মুখ্যত্বক্রিয় দুর্বল, হাদিস দুর্বল।

এ কারণে আলেমগণ তার হাদিসকে দুর্বল গণ্য করেছেন।

আল-হাইছামি বলেন:

"এ হাদিসের সনদে মুহাম্মদ বিন আবু লাইলা রয়েছে এবং তার ব্যাপারে সমালোচনা আছে।"[মাজমাউয যাওয়ায়েদ (৩/১৯৫) থেকে  
সমাপ্ত]

হাফেয ইবনে হাজার (রহঃ) বলেন:

"ইবনে আবু লাইলা দুর্বল। পরিচ্ছেদের হাদিসটি ও এরপরের হাদিসটি তিনি যা বর্ণনা করেছেন সেটার দুর্বলতাই প্রমাণ করে।"

[ফাতভুল বারী (৪/২৫২) থেকে সমাপ্ত]

ইমাম শাওকানী (রহঃ) বলেন: "এ হাদিসের সনদে ইবনে আবু লাইলা আছেন; তিনি দুর্বল।"[নাইলুল আওতার (৪/৩৩২) থেকে সমাপ্ত]

কোন গৃঢ় রহস্যের কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শাবান মাসের অধিকাংশ সময় রোয়া রাখতেন এ নিয়ে আলেমদের মাঝে মতভেদ রয়েছে। এর মধ্যে রয়েছে পূর্বোক্ত মতটি। কিন্তু, সে মতের দলিল সহিহ নয়। খুব সম্ভব ইবনে বাতালই সর্বপ্রথম এ মতটি তাঁর কৃত সহিহ বুখারীর ব্যাখ্যায় (৪/১১৫) উল্লেখ করেছেন। তিনি আরও কিছু মতামত উল্লেখ করেছেন; যে মতামতগুলো ইবনে হাজার (রহঃ) সংকলন করেছেন এবং আরও কিছু মত যোগ করেছেন। এরপর তিনি বলেন: "এ ব্যাপারে সবচেয়ে উত্তম অভিমত হল যা পূর্বোক্ত হাদিসের চেয়ে অধিক সহিহ হাদিসে উদ্ভৃত হয়েছে, যে হাদিসটি নাসাই ও আবু দাউদ সংকলন করেছেন এবং ইবনে খুয়াইমা সহিহ আখ্যায়িত করেছেন, যে হাদিসটির বর্ণনাকারী উসামা বিন যায়েদ (রাঃ) তিনি বলেন: আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! কেন আপনি শাবান মাসে এত বেশি রোয়া রাখেন যা অন্য মাসে আপনাকে করতে দেখি না। তিনি বলেন: সেটি এমন একটি মাস; যা রজব মাস ও রম্যানের মাসের মধ্যবর্তী; যে মাসের ব্যাপারে মানুষ গাফেল। সে মাসে মানুষের আমলগুলো রাখবুল আলামীনের কাছে উত্থাপন করা হয়। তাই আমি পছন্দ করি আমার আমলগুলো যখন উত্থাপন করা হবে তখন আমি যেন রোয়াদার থাকি।"[সমাপ্ত][ফাতভুল বারী (৪/২১৫)]

আল্লাহতে সর্বজ্ঞ।